

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.৫৭০০.০৪২.১৪.০৪৯.১৭. ২৪২৫

তারিখঃ ২০ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
০৬ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ২০১৭-২০১৮ অর্থ বছরে মেহেরপুর জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় গৃহীত প্রকল্প বাস্তবায়নের অনুমোদন।

সূত্রঃ মেহেরপুর জেলা পরিষদের স্মারক নং-জেপ/মেহের/প্রকৌঃ/এডিপি-১৭/২০১৭/৫৫৫, তারিখঃ ১/১১/২০১৭।


২০১৭-২০১৮ অর্থ বছরে মেহেরপুর জেলা পরিষদের এডিপি বরাদ্দের আওতায় ৫,৫০,০০,০০০/- (পাঁচ কোটি পঞ্চাশ লক্ষ) টাকায় গৃহীত ১৯২ টি প্রকল্পের মধ্যে প্রকল্প তালিকার ক্রমিক নং-২১,২৫,৩৬, ৪৩, ১৫৯(ছ) এ বর্ণিত প্রকল্পসমূহ ব্যতীত ৫,৪৩,৫০,০০০/- (পাঁচ কোটি তিতাল্লিশ লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত সংযুক্ত তালিকায় বর্ণিত ১৮৬ টি প্রকল্প নিম্নবর্ণিত শর্তে বিধি মোতাবেক বাস্তবায়নের প্রস্তাবে নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

শর্তসমূহঃ

- ১) ৫.০০ লক্ষ টাকা থেকে ৫.০০ টাকার উর্ধ্বের প্রকল্প/প্রকল্পসমূহের প্রাক্কলন নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মেহেরপুর কর্তৃক পরীক্ষা করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ২) পিপিআর ২০০৮ এর এ সংক্রান্ত সকল বিধি-বিধান অনুসরণপূর্বক প্রকল্পসমূহ বাস্তবায়ন করে স্থানীয় সরকার বিভাগে একটি প্রতিবেদন প্রেরণ করতে হবে;
- ৩) দৈততা পরিহারের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ কর্তৃক বর্ণিত রাস্তাসমূহের উন্নয়ন কাজ করা হয়নি মর্মে প্রত্যয়ন গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত রেখে বাস্তবায়নের কার্যক্রম গ্রহণ করতে হবে;
- ৪) দরপত্রের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প/প্রকল্পসমূহ বাস্তবায়নের ক্ষেত্রে ই-টেন্ডারিং পদ্ধতি অবলম্বন করতে হবে;
- ৫) স্বচ্ছতা ও জবাবদিহিতার লক্ষ্যে অনুমোদিত প্রকল্পসমূহের তালিকা ওয়েব সাইটে প্রকাশ এবং অফিস চত্বরে দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে;
- ৬) প্রকল্প/প্রকল্পসমূহ সমাপ্তির পর প্রকল্প স্থানে “জেলা পরিষদ মেহেরপুর এর সৌজন্যে/অর্থায়নে বাস্তবায়িত” বাক্যটি লিখে ফলক লাগাতে হবে।

২। ৩,৫০,০০০/- (তিন লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় গৃহীত প্রকল্প তালিকার ক্রমিক নং-২১,২৫, ৩৬ এ বর্ণিত প্রকল্পগুলো ব্যক্তি মালিকানাধীন স্কুলের উন্নয়ন সংক্রান্ত। ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকায় ক্রমিক নং-৪৩ এ বর্ণিত প্রকল্পটি আনছার ভিডিপি ক্লাবের উন্নয়ন সংক্রান্ত। ১,০০,০০০/- (এক লক্ষ) টাকায় ক্রমিক নং- ১৫৯(ছ) এ বর্ণিত প্রকল্পটি ইউনিয়ন পরিষদের সীমানা প্রাচীর নির্মাণ সংক্রান্ত হওয়ায় জেলা পরিষদের মাধ্যমে বাস্তবায়নের প্রস্তাবে অসম্মতি জ্ঞাপন করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(আনজুমান আরা)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, মেহেরপুর।

অনুলিপি :

- ১। মহাপরিচালক (মইই উইং), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা (অনুমোদিত প্রকল্পগুলো সরেজমিনে পরিদর্শন করে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।